# বিভাগীয় মাসিক সভার কার্যবিবরণী

স্থান ঃ উপপরিচালকের কার্যালয়, ডিএই, খামারবাড়ি, ঠাকুরগাঁও।
তারিখ ঃ ০৮/০৫/২০২৩ খ্রি.
সময় ঃ সকাল ১১.৩০ টা
উপস্থিতি ঃ হাজিরা খাতায় সংরক্ষিত।
সভাপতি ঃ মোঃ সিরাজুল ইসলাম, উপপরিচালক, ডিএই, খামারবাড়ি, ঠাকুরগাঁও।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং জেলা প্রশিক্ষণ অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান। জেলা প্রশিক্ষণ অফিসার গত মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন অসঙ্গতি না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। সভায় আলোচিত এজেন্ডা এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরুপ ঃ

| ক্র.নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| ০১ | ওয়েব পোর্টাল হালনাগাদ করণ ও ই-নথি চালু করণ | জেলাসহ প্রতিটি উপজেলায় ওয়েব পোর্টাল হালনাগাদ করণ ও ই-নথি চালু করণ বিষয়ে সভায় আলোচনা হয়। | ১। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জেলা ও উপজেলা পর্যায়ের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করতে হবে ও ই-নথি চালু করতে হবে।<br>২। আবাদের তথ্য, অফিস আদেশ, বহিঃ বাংলাদেশ ছুটি, বদলী /পদায়ন /পদোন্নতি ও বিজ্ঞপ্তি ইত্যাদি লিংক তৈরী ও হালনাগাদ করতে হবে। | ডিডি,ডিএই ও ইউএও , উপজেলা (সকল) |
| ০২ | রবি ও খরিপ-১ মৌসুমে বিভিন্ন ফসলের আবাদ অগ্রগতি | অতিরিক্ত উপপরিচালক (শস্য) সভাকে জানান যে, খরিপ-১ মৌসুমে আউশের লক্ষ্যমাত্রা ২৩০৬০ হে. নির্ধারণ করা হয়েছে এ যাবত ১৯৯৩০ হে. আউশ আবাদ অর্জিত হয়েছে। গ্রীষ্মকালীন ভুট্টার লক্ষ্যমাত্রা ২২৩০০ হে. অর্জির্ত হয়েছে ২২৬০০ হে. পাটের লক্ষ্যমাত্রা ৭৫০০ হে. অর্জিত হয়েছে ৭৯০০ হে., শাকসবজির লক্ষ্যমাত্রা ৬০০০ হে. অর্জিত হয়েছে ৩৬২১ হে., শাকসবজির অগ্রগতি চলমান রয়েছে।<br>এছাড়া বোরো ফসলের শস্য কর্তন সমাগত। এক্ষত্রে শস্য কর্তন পরিকল্পনা প্রণয়ন করত যথাযথভাবে লক্যমাত্রা অনুযায়ী নমুন শস্য কর্তন সম্পন্ন করণের বিষয়ে আলোচনা হয় | ১। উপজেলা ভিত্তিক চুড়ান্ত ফলন নির্ধারণ পুর্বক প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>২। রবি/২০২২-২৩ মৌসুমে কৃষক নির্বিঘ্নে ফসল ঘরে তুলতে পারে সে জন্য নিয়মিত মাঠ মনিটরিং ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করতে হবে।<br>৩। নমুনা শস্য কর্তনের পরিকল্পনা প্রেরণ করতে হবে। | ইউএও , এইও, এসএএও সংশ্লিষ্ট উপজেলা |
| ০৩ | সমলয়সহ প্রণোদনা কর্মসূচির অগ্রগতি | অতিরিক্ত উপপরিচালক (শস্য) সভাকে জানান যে, প্রণোদনা কর্মসূচি ও সমন্বিত কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় সমলয় কার্যক্রম মাঠে চলমান রয়েছে। এ সমস্ত কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করার জন্য উপপরিচালক মহোদয় সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।<br>আউশের শতভাগ অগ্রতির জন্য উপপরিচালক মহোদয় উপজেলা কৃষি অফিসারগণকে নির্দেশনা প্রদান করেন। | ১। নির্দেশনা অনুযায়ী প্রণোদনা কর্মসুচি বাস্তবায়ন করতে হবে।<br>২। মাঠ পর্যায়ে মনিটরিং জোরদারকরণ করতে হবে। | ইউএও , এইও, এসএএও সংশ্লিষ্ট উপজেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিভিন্ন প্রকল্প/রাজস্ব কর্মসূচির আওতায় প্রদর্শনী ও মাঠ দিবসের বাস্তবায়ন অগ্রগতি | বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে সভায় আলোচনা করা হয়। প্রকল্পের গাইডলাইন অনুযায়ী প্রদর্শনী সমুহের উপকরণ সমূহ সঠিক সময়ে বিতরণ ও বাস্তবায়নের জন্য বলা হয়। রাজস্ব প্রদর্শনী, ফলোআপ ও মাঠদিবস বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১। প্রকল্পের নির্দেশনা মোতাবেক যথাযথভাবে প্রদর্শনী ও মাঠ দিবস সমূহ বাস্তবায়ন করতে হবে। প্রদর্শনীর সাইনবোর্ডে সঠিক জাত উল্লেখ করে যথা নিয়মে স্থাপন করতে হবে<br>২। প্রদর্শনী স্থাপনের পর প্রাথমিক ও কর্তনের পর চুড়ান্ত প্রতিবেদন নির্ধারিত ছকে জেলায় প্রেরণ করতে হবে। | ইউএও, এইও,এসএএও সংশ্লিষ্ট উপজেলা |
| ০৫ | সেচ পরিস্থিতি | উপজেলা কৃষি অফিসারগণ সভাকে জানান যে, বোরো ধানসহ বিভিন্ন ফসলে সেচ প্রদান চলামান রয়েছে। সেচ সংক্রান্ত কোন সমস্যা নেই। | ১। সেচের বিষয়ে যাতে কৃষকদের কোন সমস্যা না হয় সেজন্য সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকতে হবে।<br>২। উপজেলায় সেচ কমিটির সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। সেচ সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া গেলে দ্রুত নিষ্পত্তিকরণের ব্যবস্থা গ্রহণ করত রেজিস্টারে তথ্য সংরক্ষণ করতে হবে। | ইউএও, এইও, এসএএও সংশ্লিষ্ট উপজেলা |
| ০৬ | তেল ফসলের উৎপাদন বৃদ্ধি | ২০২৩-২৪ অর্থ বছরে তেল জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধির জন্য ব্লক ভিত্তিক পরিকল্পনা প্রণয়ের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১. ২০২৩-২৪ অর্থ বছরের তেল ফসলের উৎপাদন বৃদ্ধির পরিকল্পনা প্রণয়ন পূর্বক(উপজেলা ও ব্লকের) উপজেলায় ও ব্লকে সংরক্ষণ করতে হবে এবং অত্র দপ্তরে প্রেরণ করতে হবে। | ইউএও, এইও, এসএএও সংশ্লিষ্ট উপজেলা |
| ০৭ | ফসলের রোগ পোকা পরিস্থিতি ও উদ্ভিদ সংরক্ষণ বিষয়ক কার্যক্রম | অতিরিক্ত উপপরিচালক (পিপি) মাঠে দন্ডায়মান বিভিন্ন ফসলের রোগ বালাই পরিস্থিতি নিয়ে সংশ্লিষ্ট সকলের মাঠ মনিটরিং জোরদার করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। চলমান তাপদাহ ও ব্লাস্ট রোগের আক্রমনে করণীয় বিষয়ে আলোচনা হয় এবং বালাইনাশক লাইসেন্স নিয়মিত হালনাগাদসহ, দোকন মনিটরিং এর ব্যাপারে আলোচনা হয়।গ্রীষ্মকালীন ভুট্টাতে বর্তমান আবহাওয়ায় ফলআর্মিওয়ার্ম এর আক্রমণ বিষয়ে আলোচনা হয়। | ১। চলমান তাপদাহে বোরো ফসলের যাতে কোন ক্ষতি না হয় সে ব্যাপারে জমিতে পানি ধরে রাখার ব্যাপারে সিদ্ধান্ত হয়। এছাড়াও ব্লাস্ট রোগ ব্যবস্থাপনায় করণীয় বিষয়ে লিফলেট প্রদান, উঠান বৈঠক, কৃষক সমাবেশ ইত্যাদির মাধ্যমে ব্যাপক প্রচারণার সিদ্ধান্ত হয়।<br>২। গ্রীষ্মকালীন ভুট্টাতে বর্তমান আবহাওয়ায় ফলআর্মিওয়ার্ম এর আক্রমণের বিষয়ে নিবিড় পর্যবেক্ষণ অব্যাহত রেখে কৃষককে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের সিদ্ধান্ত হয়।<br>৩। বালাইনাশক ডিলারের লাইসেন্স হালনাগাদ, সাইনবোর্ডসহ অন্যান্য নিয়মমাফিক বিষয়াবলী নিয়মিত মনিটরিংএর ব্যাপারে সিদ্ধান্ত হয়। | ইউএও, এইও, এসএপিপিও - সংশ্লিষ্ট উপজেলা |
| ০৮ | অনাবদি পতিত জমি আবাদের আওতায় আনা | অনাবদি পতিত জমি আবাদের আওতায় আনার বিষয়ে আলোচনা হয়। | ১। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা (প্রতি ইঞ্চি জমির সদ্ব্যবহার) বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। আশ্রায়ণ প্রকল্পসহ বসতবাড়ি ও প্রাতিষ্ঠানিক আবাদযোগ্য পতিত জমি ব্যবহারের আওতায় আনতে হবে। | ইউএও সংশ্লিষ্ট উপজেলা |
| ০৯ | রাসায়নিক সার মজুদ, সরবরাহ পরিস্থিতি ও মনিটরিং | বিভিন্ন রাসায়নিক সারের মজুদ পরিস্থিতি সভায় উপস্থাপন করা হয়। | ১। রাসায়নিক সার মনিটরিং জোরদার করতে হবে। | ইউএও, এইও, এসএএও সংশ্লিষ্ট উপজেলা |
| ১০ | শুদ্ধাচার সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন এবং কৃষি বাতায়ন ওয়েবসাইট হালনাগাদকরণ | শুদ্ধাচার সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন সভায় বিস্তারিত আলোচনা হয় এবং কৃষি বাতায়ন ওয়েবসাইট হালনাগাদকরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১। নীতিমালা অনুযায়ী শুদ্ধাচার কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।।<br>২। কৃষি বাতায়ন ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে। | ইউএও, এইও, সংশ্লিষ্ট উপজেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | রেকর্ড-পত্রাদি সংরক্ষণ | ১। উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে রাজস্ব কর্মসূচি ও প্রকল্পের আওতাধীন বিভিন্ন কার্যক্রমের তথ্যাদি যথাযথভাবে রেজিস্টারে সংরক্ষন করা প্রয়োজন। একইসাথে ব্লক পর্যায়ের তথ্যাদি একীভূত করে উপজেলার তথ্য নির্দিষ্ট করণ এবং তা জেলায় প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়।<br>২। প্রতি উপজেলার স্থাবর/অস্থাবর সম্পত্তির রেকর্ড পত্রাদি সংরক্ষণ ও চলমান মামলা বিষয়ে আলোচনা করা হয়।<br>৩। ব্লকের যাবতীয় তথ্যাদি রেজিস্টারে সংরক্ষণের বিষয়ে আলোচনা হয়। | ১। রাজস্ব কর্মসূচিসহ প্রকল্প কার্যক্রমের তথ্যাদি যথাযথভাবে সংরক্ষন করতে হবে।<br>২। উপজেলা ও ব্লক পর্যায়ের সাথে সংগতি রেখে জেলায় তথ্য প্রেরণ করতে হবে।<br>৩। উপজেলায় সারের আগমণী রেজিস্টার, প্রদর্শণী রেজিস্টার, দৈনিক প্রতিবেদন রেজিস্টার, এসএএওগনের সাপ্তাহিক প্রতিবেদন রেজিস্টার যথাযথভাবে লিপিবদ্ধ ও সংরক্ষণ করতে হবে।<br>৪। সংশ্লিষ্ট উপজেলার স্থাবর/অস্থাবর সম্পত্তির রেকর্ড পত্রাদি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং চলমান মামলা নিয়মমাফিক চালু রাখতে হবে।<br>৫। উপসহকারী কৃষি কর্মকর্তা সংশ্লিষ্ট ব্লকের তথ্যাদি রেজিস্টারে সংরক্ষণ করবেন। | ইউএও, এইও,এসএ এও সংশ্লিষ্ট উপজেলা |
| ১২ | বিবিধ | উপপরিচালক সভায় সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে দায়িত্ব পালনের বিষয়ে নির্দেশনা প্রদান করেন।<br>তিনি তথ্য হালনাগাদ থাকা এবং রির্পোটিং এর বিষয়ে তাগিদ প্রদান করেন। এছাড়াও তিনি সকল ফসলের নমুনা শস্য কর্তনের বিষয়ে আলোচনা করেন। খরিপ-১/২৩-২৪ উপজেলা ও ব্লকের পরিকল্পনা প্রণয়ন পরিকল্পনা অনুযায়ী কর্মসুচি বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা হয়। | ১। চাকুরী বিধি মেনে চলতে হবে।<br>২। তথ্য হালনাগাদ করতে হবে।<br>৩। যথাসময়ে রিপোর্ট দাখিল করতে হবে।<br>৪। নিদের্শনা মোতাবেক প্রতিটি ব্লকে সকল ফসলের নমুনা শস্য কর্তন করতে হবে।<br>৫। খরিপ-১/২৩-২৪ উপজেলা ও ব্লকের পরিকল্পনা উপজেলায় সংরক্ষণ করতে হবে ও ব্লকের পরিকল্পনা ডায়েরিতে অবশ্যই লিখে রাখতে হবে এবং পরিকল্পনা অনুযায়ী কর্মসূচি বাস্তবায়ন করতে হবে।। | ইউএও, এইও, উপজেলা (সকল) |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

স্বা/
মোঃ সিরাজুল ইসলাম
উপপরিচালক
ফোন: ০২৫৮৯৯৩১৬৩৯
ইমেইল-dddaethakurgaon@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঠাকুরগাঁও

তারিখ ঃ ১৪/০৫/২০২৩ খ্রি.

স্মারক নংঃ ১২.১৭.৯৪০০.০৪১.১৪.০৩৯.২২/৬৯৬

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

০১। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
০২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর অঞ্চল, দিনাজপুর।
০৩। জেলা প্রশিক্ষণ অফিসার, অত্র দপ্তর।
০৪। অতিরিক্ত উপপরিচালক(শস্য)/(পিপি)/(উদ্যান), অত্র দপ্তর।
০৫। উপজেলা কৃষি অফিসার, সদর/পীরগঞ্জ/বালিয়াডাঙ্গী/রানীশংকৈল/হরিপুর, ঠাকুরগাঁও।

উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঠাকুরগাঁও